দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 23 JAN 2013 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৫ ......

# ডিগ্রী পরীক্ষায় প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ সত্য প্রমাণিত হল

রেজানুর রহমান ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের ডিগ্রী পরীক্ষায় প্রশ্ন ফাঁসের অভিযোগ সত্য বলে প্রমাণিত হয়েছে। ইত্তেফাকসহ কয়েকটি পত্রিকায় প্রশ্ন ফাঁসের অভিযোগ সম্পর্কিত একাধিক রিপোর্ট প্রকাশের পর (১৫শ পৃঃ ২-এর কঃ দ্রঃ)

## ডিগ্রী পরীক্ষায়

(শেষ পৃঃ পর)

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় ঘটনা তদন্তের জন্য একটি তদন্ত টিম প্রেরণ করেন। পরীক্ষা সংশ্লিষ্ট বিভিন্ন কর্মকর্তা-কর্মচারীর সাথে আলাপ করে তদন্ত টিম নিশ্চিত হয়েছে যে, বাংলা, ইসলামের ইতিহাস ও দর্শনের প্রশ্নপত্র ফাঁস হয়েছে। জাতীয় বিশ্ববিদ্যালয়ের কারিকুলাম উন্নয়ন ও মূল্যায়ন কেন্দ্রের ডীন প্রফেসর এএসএম মাহবুবুল হক তদন্ত টিমের নেতৃত্ব দেন। তদন্ত টিমের সদস্যবৃন্দ দিনাজপুর, রংপুর, গাইবান্ধায় বিভিন্ন কলেজ বিশেষ করে গাইবান্ধা সরকারী কলেজ, সাদুল্লাহপুর কলেজ, দিনাজপুর সরকারী কলেজ, রংপুরের পীরগঞ্জ কলেজের অধ্যক্ষের সাথে কথা বলেন। তারা সংশ্লিষ্ট জেলা প্রশাসকের কাছেও বিভিন্ন বিষয় জানতে চান। একটি নির্ভরযোগ্য সূত্র জানায়, তদন্তে দেখা গেছে, হুবহু প্রশ্নপত্র কোথাও ফাঁস হয়নি। তবে কোন বিষয়ের ৫টি অথবা ৬টি প্রশ্ন হুবহু হাতে লিখে ফাঁস করা হয়েছে। এইসব প্রশ্নের সাথে মূল প্রশ্নের বাক্যবিন্যাস, দাড়ি, কমা, সেমিকোলন সবই ঠিক ছিল। সূত্র জানায়, এবার পরীক্ষা চলাকালে উত্তরবঙ্গের বিভিন্ন জেলায় পরীক্ষার্থীর তুলনায় প্রশ্ন সংখ্যা কম পাওয়া যায়। আর তাই কর্তৃপক্ষ বিশেষ বাহক মারফত অনেক কেন্দ্রে প্রশ্নপত্র পাঠিয়েছে। অভিজ্ঞ মহলের ধারণা, এই প্রক্রিয়ায় প্রশ্ন ফাঁস হয়ে যেতে পারে।